



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/27/2021

গভর্নর ক্যাথি হোচুল

উচ্ছেদের স্বগিতাদেশের বিষয়ে সুপ্রিম কোর্টের রায় সম্পর্কে গভর্নর ক্যাথি হোচুলের বিবৃতি

"সুপ্রিম কোর্টের ভয়াবহ ও অনুভূতিশূন্য রায় নিয়ে আমি অত্যন্ত হতাশ যা চলমান মহামারীর সময় আবাসন নিয়ে নিরাপত্তাহীনতার সম্মুখীন হওয়া ভাড়াটিয়াদের প্রতিরক্ষার একটি মূল ব্যবস্থাকে প্রতিহত করে এবং আমরা নিউ ইয়র্কবাসীদের উচ্ছেদ থেকে রক্ষা করতে আইনসভার নেতাদের সহ সব ধরনের উপায় খুঁজে দেখছি।

ভাড়া সহায়তা কর্মসূচির জন্য আবেদনকারী যেকোনো ব্যক্তির আবেদন প্রক্রিয়া চলমান থাকাকালীন তিনি উচ্ছেদ থেকে স্বয়ংক্রিয়ভাবে রক্ষা পাবেন, এটা জানা থাকাটা নিউ ইয়র্কবাসীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। 800 মিলিয়ন ডলারের বেশি ইতোমধ্যে বিতরণ করা হয়েছে অথবা বাড়িওয়ালারা তাদের ভাড়াটিয়াদের পক্ষ থেকে পাওয়ার জন্য এখন প্রস্তুত আছে। ভাড়া সহায়তার জন্য 1 বিলিয়ন ডলারের বেশি লভ্য রয়েছে এবং নিউ ইয়র্কবাসীদেরকে আবেদন, উচ্ছেদ থেকে সুরক্ষা, ও তাদের ভাড়া পরিশোধে সাহায্য করার জন্য কমিউনিটি সংগঠনগুলোর মাধ্যমে সংস্থানের ব্যবস্থা রয়েছে। নিউ ইয়র্কবাসীরা অবিলম্বে তাদের আবেদন পূরণ করে জমা দেয়া উচিত। এটা জরুরি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)